

ঝিনাইদহে স্কুলছাত্রী ধর্ষণ : মামলা তুলে নিতে চাপ দিচ্ছে প্রভাবশালী মহল

ঝিনাইদহ প্রতিনিধি

জেলা শহরের খাজুরা গ্রামের স্কুলছাত্রী ধর্ষণের ঘটনা নিয়ে দায়েরকৃত মামলা তুলে নেয়ার জন্য প্রভাবশালী মহল একজোট হয়ে ডিকটিমের দরিদ্র পিতাকে চাপ দিচ্ছে। অপরদিকে নারীবাদী সংগঠনগুলো ধর্ষকের বিচারের দাবিতে জেলা শহরে মানববন্ধন এবং জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছে। পুলিশ এখন পর্যন্ত আদালতে চার্জশিট প্রদান করেনি।

এদিকে ঝিনাইদহ সদর হাসপাতালের মেডিকেল অফিসার ডাক্তার দুলাল কুমার চক্রবর্তীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিভিল সার্জন জোর দিলেও বাস্তবে তা করা হয়নি। সূত্র জানায়, ইতিমধ্যে সূচত্বর ডাক্তার দুলাল কুমার ডিকটিমের প্রথম দফার ডাক্তারি পরীক্ষার রিপোর্ট গায়েব করে দিয়েছে। ধর্ষিতার পিতা অভিযোগ করেছেন, প্রভাবশালী একটি মহল একজোট হয়ে মামলা মিটিয়ে ফেলার জন্য কয়েকদফা সালিশি বৈঠক করেছে। সাদা কাগজে ডিকটিমের পিতার স্বাক্ষর গ্রহণ করা হয়েছে বলেও অভিযোগ করা হয়েছে। ডিকটিমের পিতা সূত্র জানা যায়, ডাক্তার দুলাল কুমার চক্রবর্তী প্রভাবশালী মহলকে দিয়ে তাকে হুমকি দেয়া অব্যাহত রেখেছে। গতকাল মঙ্গলবার সিভিল সার্জন ডাক্তার মঈন উদ্দিন যুগান্তরকে জানান, ডিকটিমের ডাক্তারি পরীক্ষা নিয়ে তামাশা করার অভিযোগের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে অ্যাকশান নেয়া হচ্ছে। তবে কি ধরনের অ্যাকশান নেয়া হচ্ছে তা তিনি বলেননি। উল্লেখ্য, খাজুরা গ্রামের স্কুলছাত্রী ধর্ষণের ঘটনা নিয়ে বিতর্ক সৃষ্টি হলে

ডিকটিমের দু'দফা ডাক্তারি পরীক্ষা করানো হয়। ডাক্তার দুলাল কুমার চক্রবর্তী ডিকটিমের প্রথম দফা ডাক্তারি পরীক্ষার রিপোর্টে ধর্ষিতাকে যৌনকর্মী হিসাবে উপস্থাপন করার চেষ্টা করে। এতে ডিকটিম ও তার পিতা গায়ে পেট্রোল ঢেলে স্বেচ্ছায় আত্মহত্যা দেয়ার সময় পুলিশ তাদের উদ্ধার করে। পরে দ্বিতীয় দফা ডাক্তারি পরীক্ষায় প্রথমবারের পরীক্ষার ফল মিথ্যা প্রমাণিত হয়।